# লোসিন
## লিভোফ্লক্সাসিন ০.৫%
## জীবাণুমুক্ত চোখের ড্রপস্

**উপস্থাপন**

***লোসিন*** *০.৫% জীবাণুমুক্ত চোখের ড্রপস্ঃ* প্রতি মিলিতে রয়েছে লিভোফ্লক্সাসিন হেমিহাইড্রেট ইউএসপি যা লিভোফ্লক্সাসিন ৫ মিগ্রা এর সমতুল্য।

**বিবরণ**

লিভোফ্লক্সাসিন চোখের ড্রপস্ একটি স্টেরাইল টপিক্যাল অপথ্যালমিক সল্যুশন। এটি সিনথেটিক, ব্রড স্পেক্ট্রাম, থার্ড জেনারেশন ব্যাকটেরিসাইডাল ফ্লুরোকুইনোলোন এ্যান্টিবায়োটিক, যা গ্রাম-পজিটিভ ও গ্রাম-নেগেটিভ ব্যাকটেরিয়ার বিরুদ্ধে কার্যকর। লিভোফ্লক্সাসিন ব্যাকটেরিয়ার ডিএনএ রেপ্লিকেশন, ট্রান্সক্রিপশন, রিপেয়ার এবং রিকম্বিনেশন এর জন্য প্রয়োজনীয় এনজাইমসমূহ যেমন-ব্যাকটেরিয়াল টপোআইসোমারেজ IV ও ডিএনএ গাইরেজকে বন্ধ করে।

**নির্দেশনা**

**লোসিন** চোখের ড্রপস্ নিম্নবর্ণিত সংবেদনশীল প্রজাতীর ব্যাকটেরিয়াজনিত কনজাংকটিভাইটিসে নির্দেশিত:

| এরোবিক গ্রাম-পজিটিভ ব্যাকটেরিয়া | এরোবিক গ্রাম-নেগেটিভ ব্যাকটেরিয়া |
|---|---|
| *করিনেব্যাকটেরিয়াম প্রজাতিসমূহ* | *এসিনেটোব্যাকটার লোফি* |
| *স্ট্যাফাইলোকক্কাস অরিয়াস* | *হিমোফিলাস ইনফ্লুয়েঞ্জি* |
| *স্ট্যাফাইলোকক্কাস এপিডারমিডিস* | *সেরাটিয়া মারসেসেন্স* |
| *স্ট্রেপ্টোকক্কাস নিউমোনি* | |
| *স্ট্রেপ্টোকক্কাস* (গ্রুপ সি/এফ) | |
| *স্ট্রেপ্টোকক্কাস* (গ্রুপ জি) | |
| *স্ট্রেপ্টোকক্কাস ভিরিডানস* গ্রুপ | |

চোখের অন্যান্য সংক্রমণ, যেমন- ব্যাকটেরিয়াল কর্ণিয়াল আলসার, ব্লেফারাইটিস, হরডিওলাম এবং পেরিঅপারেটিভ অবস্থা এর ক্ষেত্রে **লোসিন**-এর সফল চিকিৎসা পরিলক্ষিত হয়।

**মাত্রা ও প্রয়োগবিধি**

*প্রাপ্তবয়স্ক এবং ১ বছর বয়সী শিশু ও তার উর্ধ্বে:*
প্রথম ২ দিন: আক্রান্ত চোখে ১-২ ফোঁটা করে প্রতি ২ ঘন্টা পর পর দিনে ৮ বার প্রয়োগ করতে হবে। পরবর্তী ৫ দিন: আক্রান্ত চোখে ১-২ ফোঁটা করে প্রতি ৪ ঘন্টা পর পর দিনে ৪ বার প্রয়োগ করতে হবে। *শিশু <১ বছর:* ১ বছরের নিচে শিশুদের ক্ষেত্রে লিভোফ্লক্সাসিন-এর নিরাপত্তা এবং কার্যকারিতা প্রতিষ্ঠিত হয়নি।

**প্রতিনির্দেশনা**

লিভোফ্লক্সাসিন, কুইনোলোন অথবা এর কোন উপাদানের প্রতি যাদের অতিসংবেদনশীলতা রয়েছে তাদের ক্ষেত্রে এটি প্রতিনির্দেশিত।

**পার্শ্ব-প্রতিক্রিয়া**

প্রায় ১-৩% রোগীর ক্ষেত্রে পার্শ্বপ্রতিক্রিয়া যেমন, চোখে ক্ষণস্থায়ী ঝাপসা, জ্বর, বাহ্যিক বস্তুর প্রতি সংবেদনশীলতা, মাথাব্যথা, ক্ষণস্থায়ী চোখজ্বালা, চোখব্যথা অথবা অস্বস্তি, ফ্যারিঞ্জাইটিস এবং ফটোফোবিয়া পরিলক্ষিত হতে পারে। ১% এর কম রোগীর ক্ষেত্রে অন্যান্য পার্শ্বপ্রতিক্রিয়া যেমন, এলার্জিক প্রতিক্রিয়া, লিড ইডিমা, চোখের শুষ্কতা এবং চুলকানি পরিলক্ষিত হতে পারে।

**ঔষধের আন্তঃক্রিয়া**

লিভোফ্লক্সাসিন চোখের ড্রপসের সাথে ঔষধের আন্তঃক্রিয়ার সুনির্দিষ্ট কোন পরীক্ষা করা হয়নি। কিন্তু কিছু কুইনোলোন সিস্টেমিক প্রয়োগের ফলে প্লাজমাতে থিওফাইলিনের মাত্রা বেড়ে যেতে পারে, ক্যাফেইনের বিপাক প্রক্রিয়ায় ব্যঘাত ঘটতে পারে এবং এ্যান্টিকোয়াগুল্যান্ট ওয়ারফেরিন ও এর উপজাত সমূহের কার্যকারিতা বেড়ে যেতে পারে।

**সতর্কতা**

দীর্ঘদিন ব্যবহারের ফলে অসংবেদনশীল জীবাণু যথা ছত্রাক এর সংক্রমণ হতে পারে। যদি সুপার ইনফেকশন হয়, ঔষধের ব্যবহার বন্ধ করে বিকল্প থেরাপী দিতে হবে।

**গর্ভাবস্থায় ও দুগ্ধদানকালে**

*গর্ভাবস্থায়:* প্রেগন্যান্সি ক্যাটাগরি সি। গর্ভাবস্থায় লিভোফ্লক্সাসিন এর সুনির্দিষ্ট ব্যবহার নিশ্চিত হয় যখন ভ্রূণের উপর ক্ষতিকর প্রভাবের চেয়ে উপকারীতার মাত্রা বেশি হয়। *দুগ্ধদানকালে:* মাতৃদুগ্ধে লিভোফ্লক্সাসিন-এর মাত্রা নির্ণয় করা হয়নি। দুগ্ধদানকারী মায়েদের ক্ষেত্রে লিভোফ্লক্সাসিন চোখের ড্রপস্ সর্তকতার সাথে প্রয়োগ করতে হবে।

**সংরক্ষণ**

**লোসিন** ০.৫% চোখের ড্রপস্ আলো থেকে দূরে, ঠান্ডা (১৫° - ২৫° সে.) ও শুষ্ক স্থানে এবং শিশুদের নাগালের বাইরে রাখুন।

**বাণিজ্যিক মোড়ক**

***লোসিন*** *০.৫% জীবাণুমুক্ত চোখের ড্রপস্ঃ* প্রতিটি প্লাষ্টিক ড্রপার বোতলে রয়েছে ৫ মিলি জীবাণুমুক্ত লিভোফ্লক্সাসিন ০.৫% চোখের ড্রপস্।

প্রস্তুতকারকঃ
**গ্লোব ফার্মাসিউটিক্যালস্ লিঃ**
**বাংলাদেশ।**

# Locin
## Levofloxacin 0.5%
## Sterile eye drops

**Presentation**

***Locin*** *0.5% Sterile Eye Drops:* Each ml contains Levofloxacin Hemihydrate USP equivalent to Levofloxacin 5 mg.

**Description**

Levofloxacin eye drops is a sterile topical ophthalmic solution. It is a synthetic, broad spectrum, third generation fluoroquinolone bactericidal antibiotic, which active against a broad spectrum of Gram-positive & Gram-negative ocular pathogens. It functions by inhibiting bacterial topoisomerase IV and DNA gyrase enzymes required for DNA replication, transcription, repair and recombination.

**Indication**

**Locin** eye drops is indicated for the treatment of bacterial conjunctivitis caused by susceptible strains of the following bacteria:

| Aerobic Gram-Positive bacteria | Aerobic Gram-Negative bacteria |
|---|---|
| *Corynebacterium* species | *Acinetobacter lwoffii* |
| *Staphylococcus aureus* | *Haemophilus influenzae* |
| *Staphylococcus epidermidis* | *Serratia marcescens* |
| *Streptococcus pneumoniae* | |
| *Streptococcus* (Groups C/F) | |
| *Streptococcus* (Group G) | |
| *Streptococcus viridans* group | |

**Locin** also provides a promising treatment for other ocular infections including- Bacterial corneal ulcer, Blepharitis, Hordeolum & Perioperative condition.

**Dosage & Administration**

*Adults & Children of 1 year of age & older:*
First 2 days: Instill 1-2 drops in the affected eye(s) every 2 hours up to 8 times/day. Next 5 days: Instill 1-2 drops in the affected eye(s) every 4 hours up to 4 times/day. *Children <1 year:* Safety and effectiveness of Levofloxacin below 1 year of age have not been established.

**Contraindication**

It is contraindicated in patients with a history of hypersensitivity to Levofloxacin, to other quinolones or to any of the components of this medication.

**Side Effect**

Side effects occurred only approximately 1-3% of patients that may include transient blurred vision, fever, foreign body sensation, headache, transient ocular burning, ocular pain or discomfort, pharyngitis and photophobia. In less than 1% of patients included allergic reactions, lid edema, ocular dryness and ocular itching.

**Drug Interaction**

Specific drug interaction studies have not been conducted with levofloxacin eye drops. But the systemic administration of some quinolones has been shown to elevate plasma concentrations of theophylline, interfere with the metabolism of caffeine and enhance the effects of the oral anticoagulant warfarin and its derivatives.

**Precautions**

Prolonged use may result in overgrowth of non-susceptible organisms, including fungi. If superinfection occurs, discontinue use and institute alternative therapy.

**Pregnancy and Lactation**

*Pregnancy:* Pregnancy Category C. Levofloxacin should be used during pregnancy only if the potential benefit justifies the potential risk to the fetus. *Lactation:* Levofloxacin has not been measured in human milk. Caution should be exercised when Levofloxacin eye drops is administered to a nursing mother.

**Storage**

**Locin** 0.5% eye drops should be protected from light, store in a cool (15° - 25° C) and dry place & keep out of reach of children.

**Commercial Pack**

***Locin*** *0.5% Sterile Eye Drops:* Each plastic dropper bottle containing 5 ml sterile Levofloxacin 0.5% eye drops.

Manufactured by:
**GLOBE PHARMACEUTICALS LTD.**
**BANGLADESH**